



শিক্ষাঙ্গন

মাদ্রাসা শিক্ষা সম্পর্কে কয়েকটি সুপারিশ

কামিল শ্রেণীতে মৌখিক পরীক্ষা প্রচলন করায় ব্যক্তিগতভাবে কারিকুলাম কমিটিকে আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি। এ ধরনের একটি পদক্ষেপ ছাত্র-ছাত্রীদের পরবর্তী জীবনের সংকট কাটিয়ে উঠবে বলে আমি মনে করি। এ প্রসংগ নিয়ে আমি আরও দু'একটি মতামত ব্যক্ত করতে

চাই। তা হলো— (১) যেহেতু মাদ্রাসা শিক্ষার সর্বশেষ স্তরই হচ্ছে কামিল, সেহেতু তাদের পক্ষে পূর্বের অভিজ্ঞতা ছাড়া মৌখিক পরীক্ষার সম্মুখীন হওয়া কষ্টকর। এজন্য আমি অন্ততপক্ষে ফাজিল এবং আলিম শ্রেণীতে এ ধরনের মৌখিক পরীক্ষা চালু করার প্রস্তাব রাখছি। (২) মৌখিক পরীক্ষা ১০০ নম্বরে না রেখে বরং ৫০ নম্বরে রেখে বাকী ৫০ নম্বর সংক্ষিপ্ত হিসেবে রাখলে মনে হয় ছাত্র-ছাত্রীরা বেশী উপকৃত হতে

পারে। এই সংক্ষিপ্ত পরীক্ষা হবে মৌখিক। আর তা হবে সকল বাধ্যতামূলক বিষয়ের উপর। প্রতি বিষয়ে দু'টি করে প্রশ্নোত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নে ৫ নম্বর করে থাকবে। এর ফলে সকল ছাত্র-ছাত্রী সকল বিষয়ে বিশেষ পারদর্শিতা অর্জন করতে পারবে বলে আমার বিশ্বাস। (৩) প্রতিটি উপজেলায় অথবা প্রতিটি পরীক্ষা কেন্দ্রে মৌখিক পরীক্ষার জন্য একটি বোর্ড গঠন করতে হবে, একমাত্র তারাই মৌখিক বিষয়ের

পরীক্ষা নিবেন। বোর্ডের সদস্য থাকবেন বিভিন্ন মাদ্রাসার শিক্ষিক এবং উপজেলা প্রধানের নির্বাচিত প্রার্থী। মাদ্রাসা শিক্ষা বোর্ডের সিলেবাস কমিটির সমীপে আমার এ প্রস্তাব বিশেষ বিবেচনার জন্য উপস্থাপন করলাম।

—মুহাম্মদ আছমবিলাহ
পোস্ট বক্স নং-৭০২১,
দোহা, কাতার।